দামুড়হুদায় জেলা প্রশাসক ও তাঁর পত্নীর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

বদলিজনিত বিদায় চুয়াডাঙ্গা জেলা প্রশাক ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন ও তারত্নী জেলা লেডিস ক্লাবের ম্যাচ মেহনাজ খাঁ বাঁধনের বিদায় সংবর্ধনা বৃদ্ধি করা হয়েছে।

আজ শনিবার বিকাল ৪টার সময় উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের উত্তরে ব্যাখ্যার ক্ষেত্রে কক্ষ বিবর্ধনা অনুষ্ঠিত হয়।

তিনি ২০২২ সালের ১৩ জানুয়ারি চুয়াঙ্গা জেলা প্রশাসক হিসেবে যোগদান করেন। বদলিজনিত কারনে তিনি বিজ্ঞান ও প্রযুক্তি বিদায় নিয়ে মন্ত্রনানালয়ে যোগদান করবেন। বিবর্ধনা উপজেলা পরিষদের ফুলঝুরি সংকলন আলি আলি বাবু ও উপজেলা পরিষদের মুনাছু জয় রোকসানা মিতা।

দামুড়হুদা উপজেলা পরিষদের আলী মুহম্মদ আলী মুহম্মদ বাবুর সভাপতিত্বে সংসদ সদস্য প্রধান প্রধান চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিন ইসলামুল খাঁন। বিদায়ী প্রধান প্রধান ব্যক্তিকে উদ্দেশ্য করে তিনি গুরুত্বপূর্ণ শেখুর রহমান ও তার প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করেন। সকল প্রচারের প্রতি তিনি শ্রদ্ধাজ্ঞাপন করেন। তাদের বিস্তারে আজ আমরা স্বাধীন সার্বভৌমত্ত বাংলাদেশ আত্মঘাতী।

তিনি বলেন, চুয়াডাঙ্গা নেটওয়ার্ক মানুষ হ্যাসিং পরায় ও আন্তরিক। কর্মকর্তা মানুষ খুব সহজ এবং সরল। চুয়াডাঙ্গা সুবিধার মধ্যে দামুহুদা উপজেলায় সব থেকে বেশি গুরুত্বপূর্ণ স্থাপনা রয়েছে। আমি এই চুডাঙ্গা জেলা প্রশাসন বছরের কার্যক্রম চালু করেছি। এই জিনিষের মধ্যে আমার সুন্দর কর্মীরা বা আমার ব্যাবহারে যদি কেউ কষ্ট পায় তাহলে তা নিশ্চিত করতে পারবে। আমাদের পরবর্তী নরনারেশনকে আদর্শ করে গড়ে তুলতে হবে এবং তার জন্য শিক্ষা। সন্তান ছেলেদের শিক্ষার উপর গুরুত্ব, শিক্ষার কোন বিকল্প নেই। যে জাতি যত শিগগির সে জাতিগতভাবে উন্নত। আমাদের এই প্রজন্মকেশিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে হবে, আদর্শের আদর্শকে বুকে লালন করতে হবে, ইতিহাস জানতে হবে, শিক হতে হবে, তা হলে এই

প্রজন্মের মধ্যে দেশপ্রেমের ঘাঁট হবে, দেশ প্রেম হবে না। মাননীয় উন্নয়ন শেখ উদাহরণ শান্তি মানুষের ভাগ্য উন্নয়নকে নিরালসভাবে কাজ করে যাচ্ছে।

ছাত্রনেতা সাধারণ নির্বাচনে সাজু আহাম্মদ রিংকু সহ সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ স্থানীয় জনপ্রতিনিবৃন্দ ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন। সকালটি সঞ্চালনা উপজেলা সমবায় জয় হারুন অর রসি।

চুয়াডাঙ্গায় নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা

চুয়াডাঙ্গায় নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হলেন ড. কিসিঞ্জার চাকমা। চুয়াডাঙ্গায় নতুন জেলা প্রশাসক হিসেবে নিয়োগ পেয়েছেন তিনি। এর আগে তিনি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপসচিব ছিলেন।

রাস্ট্রপতির আদেশক্রমে উপসচিব ভাস্কর দেবনাথ বাপ্পি স্বাক্ষরিত প্রজ্ঞাপনে সোমবার এই আদেশ প্রদান করা হয়েছে।

এছাড়া মেহেরপুর, শেরপুর, জামালপুর, মুন্সীগঞ্জ, রংপুর, মানিকগঞ্জ, ও নারায়নগঞ্জ জেলা প্রশাসককে বদলি করা হয়েছে।

সরকারের সকল উন্নয়ন মানুষের কাছে তুলে ধরুন – জেলা প্রশাসক

মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম স্থানীয় ইউপি চেয়ারম্যানদের বলেন,” সরকারের সকল উন্নয়ন কার্যক্রম মানুষের কাছে

তুলে ধরুন। সরকারের টানা মেয়াদে আপনাদের নিজ নিজ এলাকায় কি পরিমান ভাতা দেওয়া হয়েছে, রাস্তাঘাট, ব্রিজ-কালভার্ট করা হয়েছে, আর্থিক ও খাদ্য সহায়তাসহ অন্যান্য সহায়তা দেওয়া হয়েছে তথ্য প্রমণসহ জনগণের মাঝে তুলে ধরুন।

গতকাল বুধবার দুপুরে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর আয়োজন ও গাংনী উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনায় ইউনিয়ন পরিষদ মৌলিক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম এসব কথা বলেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু’র সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক আরও বলেন, আপনারা জনপ্রতিনিধি আপনার এলাকায় অসহায় মানুষের পাশে দাঁড়ান। নিজ নিজ এলাকার আইন শৃংখলার উন্নয়নে আন্তরিকভাবে দায়িত্ব পালন করুন।

তিনি বলেন, এলাকার সামাজিক সম্প্রীতি সুরক্ষায় চেয়ারম্যানদের ভূমিকা রাখতে হবে। এসব কাজে প্রশাসন আপনাদের সাথে নিয়ে ও জনগণের পাশে থেকে সরকারের উন্নয়ন ও সুফল জনগণের কাছে পৌছে দিতে বদ্ধ পরিকর।”

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর আয়োজন ও উপজেলা প্রশাসন, গাংনী এর ব্যবস্থাপনায় তিন দিন ব্যাপি ইউনিয়ন পরিষদ মৌলিক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়।

গাংনী উপজেলার ৯টি ইউপি চেয়ারম্যান, সাধারণ সদস্য, সংরক্ষিত নারী সদস্য ও ইউপি সচিববৃন্দ তিনদিন ব্যাপি এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

আজ গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপনির্বাচন চলছে

উৎসাহ উদ্দীপনা ও শান্তিপূর্ণভাবে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচন আজ বৃহস্পতিবার (২৫ মে) অনুষ্ঠিত হচ্ছে। ভোট কেন্দ্রে সকাল থেকেই নারী ভোটারদের উপস্থিত উল্লেখ করার মত। তবে, বেলা বাড়ার সাথে সাথে পুরুষ ভোটারদের উপস্থিতিও বাড়তে শুরু করে।
মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের রির্টানিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কমকর্তা আব্দুল আজিজ বলেন, মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে মোট ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছেন। তারা হলেন, ওই ওয়ার্ডের প্রয়াত সদস্য (মেম্বর) আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা (মোরগ) ও মো: কামাল হোসেন (টিউবওয়েল)।
হোগলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে দুটি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ভোটার সংখ্যা ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ করতে সব ধরণের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজজাক বলেন, ভোট কেন্দ্র এবং বাইরে বিপুল পরিমান পুলিশ ও আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ বলেন, ভোট কেন্দ্র অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

মেহেরপুরে সরকারি ও বেসরকারিভাবে মোট ১২৭ জন পবিত্র হজ্বে যাবেন

আসন্ন পবিত্র সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনার গমনকারী হজ্ব যাত্রীদের দিনব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১০ মে) সকালে মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র মিলনায়তনে হজ্ব যাত্রীগণের এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনিরের সভাপতিত্বে অনুষ্ঠিত দিনব্যাপি প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মহা: আব্দুস সালাম, মেহেরপুর সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী, অতিরিক্ত জেলা ম্যাজিস্টেট লিউজা – উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির। চলতি বছরে মেহেরপুর থেকে সরকারি ও বেসরকারিভাবে মোট ১২৭ জন পবিত্র হজ্ব পালন করবেন।

এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৯ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১১৮ জন রয়েছেন।

বিদ্যালয় পরিদর্শনে গিয়ে ক্লাস

নিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক

কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা সদরপুর উচ্চ বিদ্যালয় পরিদর্শনে গিয়ে ক্লাস নিয়েছেন কুষ্টিয়ার জেলা প্রশাসক (ডিসি) মোহাম্মদ সাইদুল ইসলাম। নবম শ্রেণির শিক্ষার্থীদের সাধারণ জ্ঞান ক্লাস নেন তিনি।

মঙ্গলবার দুপুরে প্রায় আধাঘণ্টা ক্লাস নেন তিনি। এ সময় শিক্ষার্থীদের উদ্দেশে অনুপ্রেরণা ও শিক্ষামূলক বক্তব্য দেন জেলা প্রশাসক।

ক্লাসে শিক্ষার্থীদের উদ্দেশ্যে জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেন, হৃদয় দিয়ে পড়তে হবে। প্রচণ্ড মন খারাপ হলে বই পড়বে। কাউকে কষ্ট দেবে না। কখনো হতাশ হবে না। আত্মবিশ্বাস নিয়ে এগিয়ে যেতে হবে। যেটা ভালো লাগে না, সেটা করবে না। তোমরা চাইলেই দেশটা পরিবর্তন করে দিতে পারো। তাই পড়াশোনার কোনো বিকল্প নেই।

তিনি আরও বলেন, বড় লোক নয়, বড় মানুষ হও। আগামী প্রজন্মকে প্রকৃত শিক্ষা দান, দেশ ও মানবপ্রেমে উদ্বুদ্ধ করতে এবং তাদের সত্যিকারের মানুষ হিসেবে গড়ে তুলতে মানসম্মত শিক্ষার কোনো বিকল্প নেই। সবার সম্মিলিত প্রচেষ্টায় মানসম্মত শিক্ষা প্রদান নিশ্চিত করতে হবে।

জেলা প্রশাসক বলেন, আমরা যেমন আমাদের মাকে ভক্তি, শ্রদ্ধা করি ও ভালোবাসি, তার প্রতি দায়িত্ব পালন করি। একইভাবে মাতৃভূমিকে মা হিসেবে দেখতে হবে। আর মানুষকে ভালোবাসতে পারলে সোনার মানুষ হওয়া সম্ভব হবে।

শিক্ষার্থী রাসেল হাসান বলে, ডিসি স্যারকে শিক্ষক হিসেবে পেয়ে আমরা আনন্দিত। তিনি আমাদের ক্লাস নেবেন কখনো কল্পনাও করিনি। স্যার অনেক সুন্দর ও সহজভাবে আমাদের সাধারণ জ্ঞান বুঝিয়ে দিয়েছেন। আমাদের লেখাপড়া শিখে বড় হওয়ার উৎসাহ দিয়েছেন।

এছাড়াও তিনি মিরপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, সদরপুর ইউনিয়ন ভূমি অফিস এবং মিরপুর পৌরসভা পরিদর্শন করেন।

মিরপুর উপজেলা (ভারপ্রাপ্ত) নির্বাহী কর্মকর্তা হারুন অর রশীদ বলেন, ডিসি স্যার গতকাল মিরপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, সদরপুর ইউনিয়ন ভূমি অফিস এবং মিরপুর পৌরসভা পরিদর্শন করেন। একই সাথে আকস্মিক আমলা সদরপুর উচ্চ বিদ্যালয় গিয়ে বিভিন্ন শিক্ষার্থীর সঙ্গে শুভেচ্ছা বিনিময় করে লেখাপড়ার খোঁজ-খবর নিয়েছেন। এরপর শিক্ষকদের সঙ্গে স্কুলের নানা বিষয় নিয়ে মতবিনিময় করেছেন। তার এ ধরনের উদ্যোগে শিক্ষক-শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে বলে মনে করেন এই শিক্ষক।

জীবননগর থানা পরিদর্শন করলেন জেলা প্রশাসক আমিনুল ইসলাম

জীবননগর থানা পরিদর্শন করলেন জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান।

আজ মঙ্গলবার বেলা ১২টার সময় জীবননগর থানা পরিদর্শন করেন জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান এর আগে জীবননগর থানা পুলিশের পক্ষ থেকে জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক।

এ সময় উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান,জীবননগর থানার ওসি (তদন্ত) স্বপন কুমার,এস আই নাহিরুল ইসলাম,এস,আই রায়হান,এস,আই সিদ্ধার্ত,এস,আই সাজ্জাদ প্রমুখ।

গাংনীর ভাটপাড়া আবাসন

প্রকল্পে কম্বল বিতরণ করলেন জেলা প্রশাসক

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া আবাসন প্রকল্পে সরকারি কম্বল বিতরণ করেছে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান।

শনিবার বিকেলে ভাটপাড়া আবাসন প্রকল্পে কম্বল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে গাংনী উপজেলা প্রশাসন ও প্রকল্প বাস্তবায়ন অধিদপ্তর। এ সময় ৯০ টি পরিবারের মাঝে প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল তহবিলের কম্বল বিতরণ করেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, উপজেলা ভূমি কর্মকর্তা ও সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার নিরঞ্জন চক্রবর্তী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান। স্থানীয় ইউপি সদস্য নজরুল ইসলাম, রিপন আলী, উপজেলা নির্বাহী অফিসারের অফিস সহকারি (নাজির) আবু হানজালা প্রমুখ এ সময়ে উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান বলেন, মেহেরপুর জেলায় এ বছর সাড়ে ১০ হাজার কম্বল এসেছে।আরো কম্বল আসার সম্ভাবনা রয়েছে। জেলা বিভিন্ন অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণের কাজ অব্যাহত রয়েছে। এছাড়া আরো কম্বলের চাহিদা দেওয়া হয়েছে। মেহেরপুর জেলার কোন মানুষ যাতে শীতে কষ্ট না পায় সে লক্ষ্যে প্রধানমন্ত্রী প্রান্তহবিল থেকে এ কম্বল প্রেরণ করেছেন।কম্বল পেয়ে অসহায় মানুষ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য দোয়া করেছেন।

ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন উপলক্ষে জেলা প্রশাসকের প্রেস ব্রিফ

আগামী ১৯ নভেম্বর জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিতব্য ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন উপলক্ষে প্রেস ব্রিফ করেছেন ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এই প্রেস ব্রিফিং অনুষ্ঠানে অনুষ্ঠিতব্য ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ মেলার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন জেলা প্রশাসক।

এসময় স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ডিডিএলজি) মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস।

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেসক্লাবে সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টুসহ বিভিন্ন পত্রিকার স্থানীয় সাংবাদিকবৃন্দ।

জেলা প্রশাসক প্রেস ব্রিফিং এ বলেন, প্রধান মন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষমাত্রা, এবং ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষে সরকার প্রতিনিয়ত বিভিন্ন কার্যক্রম হাতে নিচ্ছেন।প্রযুক্তি বান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরো সহজ সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে দেশব্যাপী আয়োজন করছে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২।

সরকারি অফিসের মাধ্যমে নাগরিকদের সামনে সেবা উপস্থাপনার সংস্কৃতি চর্চা উদ্ভাবনী মেলা থেকে নাগরিকদের সারসরি সেবা গ্রহণের সুযোগ সৃষ্টি ও সরকারি সেবার মানোন্নয়নে নাগরিকদের মতামত গ্রহণের সংস্কৃতি গঠণ ইত্যাদি লক্ষ ও উদ্দেশ্যকে সামনে রেখে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হবে।

ঝিনাইদহ জেলা প্রশাসক দপ্তরের কর্মচারির রহস্যজনক মৃত্যু

ঝিনাইদহ জেলা প্রশাসক দপ্তরের অফিস সহায়ক হাসানুজ্জামান পলাশের রহস্যজনক মৃত্যু হয়েছে।

রোববার রাতে কালীগঞ্জ যাওয়ার পথে তার মৃত্যু হয়েছে বলে পারিবারিক ভাবে বলা হয়। হাসানুজ্জামান পলাশ শৈলকুপার ত্রীপুরাকান্দি গ্রামের শহিদুল ইসলামের ছেলে। তিনি শহরের উপ-শহরপাড়ায় বসবাস করতেন। তার পেস্টিং ছিল মহেশপুর ভুমি অফিসে। কিন্তু কি কারণে তিনি ৩/৪ মাস বেতন পান না বলে জানা গেছে।

পলাশের স্ত্রী ফারজানা ইয়াসমিন স্বপ্না জানান, রাতে মিলন নামে এক ছেলে তার স্বামীকে মোবাইল করে ডেকে নিয়ে যায়। রাত ১০টার দিকে জানানো হয় তার স্বামী কালীগঞ্জে সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন।

ফারজানা ইয়াসমিন স্বপ্না জানান, দ্রুত কালীগঞ্জ পৌছে দেখেন তার স্বামীর মাথার পেছন থেকে রক্ত ঝরছে। দ্রুত যশোর হাসপাতালে নিয়ে যাওয়া হয় পরে সেখান থেকে ঢাকায় নিয়ে যাওয়ার পথে পলাশের মৃত্যু হয়।

ফারজানা ইয়াসমিন স্বপ্না অভিযোগ করেন, তার স্বামীর সঙ্গে যারা ছিল তাদের আচরণ ছিল রহস্যজনক। তারা লাশের গাড়ি পৌছে দিয়ে দ্রুত পালিয়ে যায়।

তথ্য নিয়ে জানা গেছে, হাসানুজ্জামান পলাশ শৈলকুপার ত্রীপুরাকান্দি গ্রামের শহিদুল ইসলামের সন্তান হলেও তাকে উপশহরপাড়ার বীর মুক্তিযোদ্ধা জোয়াদ আলীর সন্তান পরিচয়ে ঝিনাইদহ জেলা প্রশাসক দপ্তরে চাকরী হয়। সরকারী চাকরী হলেও তিনি ঠিকমতো অফিস করতেন না।

সোমবার দুপুরে ঝিনাইদহ শহরের উপ-শহরপাড়া পাবলিক হেলথ জামে মসজিদে জানাজা শেষে ঝিনাইদহ পৌর গোরস্থানে দাফন সম্পন্ন করা হয়।